

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ৮৪৮

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرِّقَائِقِ)

পরিচ্ছেদঃ কিছু বাক্য যা কোন ব্যক্তি বললে, মহান আল্লাহ তা সত্যায়ন করেন

ذَكَرُ الْكَلِمَاتِ الَّتِي إِذَا قَالَهَا الْمَرْءُ الْمُسْلِمُ صَدَّقَهُ رَبُّهُ جَلَّ وَعَلَا عَلَيْهَا

আরবী

848 - أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيٍّ بْنِ الْمُثَنَّى قَالَ: حَدَّثَنَا أَبُو خَيْثَمَةَ قَالَ: حَدَّثَنَا ابْنُ أَبِي بُكَيْرٍ قَالَ: حَدَّثَنَا إِسْرَائِيلُ عَنْ أَبِي إِسْحَاقَ عَنْ الْأَغَرِّ أَبِي مُسْلِمٍ عَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ وَأَبِي هُرَيْرَةَ قَالَا: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (إِذَا قَالَ الْعَبْدُ: لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَاللَّهُ أَكْبَرُ صَدَّقَهُ رَبُّهُ قَالَ: صَدَقَ عَبْدِي لَا إِلَهَ إِلَّا أَنَا وَأَنَا أَكْبَرُ وَإِذَا قَالَ: لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَحْدَهُ صَدَّقَهُ رَبُّهُ قَالَ: صَدَقَ عَبْدِي لَا إِلَهَ إِلَّا أَنَا وَحْدِي وَإِذَا قَالَ: لَا إِلَهَ إِلَّا اللَّهُ لَا شَرِيكَ لَهُ صَدَّقَهُ رَبُّهُ قَالَ: صَدَقَ عَبْدِي لَا إِلَهَ إِلَّا أَنَا لَا شَرِيكَ لِي وَإِذَا قَالَ: لَا إِلَهَ إِلَّا اللَّهُ لَهُ الْمُلْكُ صَدَّقَهُ رَبُّهُ قَالَ: صَدَقَ عَبْدِي لَا إِلَهَ إِلَّا أَنَا لِي الْمُلْكُ وَلِيَ الْحَمْدُ وَإِذَا قَالَ: لَا إِلَهَ إِلَّا اللَّهُ لَا حَوْلَ وَلَا قُوَّةَ إِلَّا بِاللَّهِ صَدَّقَهُ رَبُّهُ وَقَالَ: صَدَقَ عَبْدِي لَا إِلَهَ إِلَّا أَنَا وَلَا حَوْلَ وَلَا قُوَّةَ إِلَّا بِي)

الراوي : أَبُو سَعِيدٍ الْخُدْرِيُّ وَأَبُو هُرَيْرَةَ المحدث : العلامة ناصر الدين الألباني

المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 848 خلاصة حكم المحدث: صحيح لغيره.

বাংলা

৮৪৮. আবু সাঈদ ও আবু হুরাইরা রাযিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “যখন বান্দা বলে لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَاللَّهُ أَكْبَرُ (আল্লাহ ছাড়া প্রকৃত কোন মা'বুদ নেই, আল্লাহ সবচেয়ে বড়।) তখন তার প্রভু তাকে সত্যায়ন করে বলেন, “আমার বান্দা সত্যই বলেছে, আমি ছাড়া প্রকৃত কোন মা'বুদ নেই, আমি সবচেয়ে বড়। যখন সে বলে لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَحْدَهُ (আল্লাহ ছাড়া প্রকৃত কোন মা'বুদ নেই, তিনি এক-অদ্বিতীয়) তখন তার প্রভু তাকে সত্যায়ন করে বলেন, “আমার বান্দা সত্যই বলেছে,

আমি ছাড়া প্রকৃত কোন মা'বুদ নেই, আমি এক-অদ্বিতীয়। যখন সে বলে لَا إِلَهَ إِلَّا اللَّهُ لَا شَرِيكَ لَهُ (আল্লাহ ছাড়া প্রকৃত কোন মা'বুদ নেই, তাঁর কোন শরীক নেই) তখন তার প্রভু তাকে সত্যায়ন করে বলেন, “আমার বান্দা সত্যই বলেছে, আমি ছাড়া প্রকৃত কোন মা'বুদ নেই, আমার কোন শরীক নেই। যখন সে বলে لَا إِلَهَ إِلَّا اللَّهُ لَا شَرِيكَ لَهُ (আল্লাহ ছাড়া প্রকৃত কোন মা'বুদ নেই, তাঁর জন্যই রাজত্ব) তখন তার প্রভু তাকে সত্যায়ন করে বলেন, “আমার বান্দা সত্যই বলেছে, আমি ছাড়া প্রকৃত কোন মা'বুদ নেই, আমার জন্যই রাজত্ব। যখন সে বলে لَا إِلَهَ إِلَّا اللَّهُ لَا حَوْلَ وَلَا قُوَّةَ إِلَّا بِاللَّهِ (আল্লাহ ছাড়া প্রকৃত কোন মা'বুদ নেই, পাপ কাজ থেকে বিরত থাকার কোন উপায় নেই আল্লাহ ছাড়া, আর ভাল কাজ করার কোন ক্ষমতা নেই আল্লাহ ছাড়া) তখন তার প্রভু তাকে সত্যায়ন করে বলেন, “আমার বান্দা সত্যই বলেছে, আল্লাহ ছাড়া প্রকৃত কোন মা'বুদ নেই, পাপ কাজ থেকে বিরত থাকার কোন উপায় নেই আমি ছাড়া, আর ভাল কাজ করার কোন ক্ষমতা নেই, আমি ছাড়া।[1]

ফুটনোট

[1] তিরমিযী: ৩৪৩০; নাসাঈ, আমালুল ইয়াওমি ওয়াল লাইলাহ: ৩০; ইবনু মাজাহ: ৩৭৯৪।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে শক্তিশালী বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ লিগাইরিহী বলেছেন। (মিশকাত: ২৩১০।)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবু সাঈদ খুদরী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=89351>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন